যায়যায়দিন

তারিখ ... JUL 04 2006 ...
পৃষ্ঠা ৩ কলাম .. ২

৪৭

ছাত্র কল্যাণ ট্রাস্টের বৃত্তি প্রদান

# শিক্ষিত জাতি গঠনে সম্পদশালীদের এগিয়ে আসার আহ্বান

যাযাদি রিপোর্ট

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. এম আসাদুজ্জামান বলেছেন, দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের আর্থিক সহায়তার মাধ্যমে জাতি গঠনে সম্পদশালীদের এগিয়ে আসতে হবে। গতকাল সোমবার বাংলাদেশ ছাত্র কল্যাণ ট্রাস্ট আয়োজিত দ্বিতীয় বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।



প্রতিবন্দী এক ছাত্রীর হাতে বৃত্তির টাকা তুলে দিচ্ছেন ড. আসাদুজ্জামান -যাযাদি

তিনি আরো বলেন, ছাত্রছাত্রীদের লেখাপড়ার পেছনে বিনিয়োগ করতে হবে। কারণ তারাই দেশ ও জাতি গঠনে অগ্রণী ভূমিকা পালন করছে এবং করবে। শিক্ষিত নয়, সুশিক্ষিত মানুষ হিসেবে শিক্ষার্থীদের গড়ে তোলার জন্য সমাজের বিত্তশালী মানুষের সহায়তার প্রয়োজন রয়েছে।

প্রফেসর ড. আশরাফ সিদ্দিকীর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য প্রফেসর মনিরুল হক ও হাজী দানেশ, বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোশারফ হোসেন মিয়া এবং ট্রাস্টের পরিচালক নূরুল আলম শাহীন প্রমুখ।

প্রফেসর আশরাফ সিদ্দিকী বলেন, আমাদের চারপাশে অশান্তি বিরাজ করছে। ছাত্রছাত্রীদের উন্নত চরিত্র গঠনের মাধ্যমে দেশ ও জাতির সেবায় নিয়োজিত থাকতে হবে। চরিত্র কাচের মতো, তা ভাঙলে আর জোড়া লাগে না। চরিত্র ভালো থাকলে কেউ তাকে অবদমিত করতে পারে না।

মোশারফ হোসেন বলেন, আমাদের দেশে নানা প্রতিকূল পরিবেশের মধ্যে শিক্ষার্থীদের শিক্ষা লাভ করতে হয়। দেশে শিক্ষার হার ১০০ ভাগ না হলে জাতি হিসেবে আমরা কখনো মাথা উঁচু করে দাঁড়াতে পারবো না।

এ বছর সারা দেশ থেকে দরিদ্র অথচ মেধাবী ছাত্রছাত্রীদের মধ্য থেকে ৬০ জন শিক্ষার্থীকে এ বৃত্তি প্রদান করা হয়। এদের মধ্যে ৬ জন প্রতিবন্ধী ছাত্রছাত্রীও রয়েছে।